

## নোয়াখালীতে শিক্ষা জাতীয়করণসহ ১১ দফা দাবি

নিজস্ব সংবাদদাতা, নোয়াখালী, ১৩ মার্চ || শিক্ষা জাতীয়করণসহ ১১ দফা দাবি অবিলম্বে বাস্তবায়নের দাবি জানিয়েছে শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির নোয়াখালী জেলা শাখা। মঙ্গলবার জেলা শহরের হরিনারায়ণপুর ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কার্যালয়ে এ সংবাদ সম্মেলনে এ দাবি জানান হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগ্রাম কমিটির সমন্বয়ক মোঃ আবুল কাসেম। বক্তব্যে বলা হয়, বৈষম্যের বিরুদ্ধে আন্দোলন করে এই দেশ স্বাধীন করেছিলেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী বঙ্গবন্ধু শেখ মুজিবের রহমান। কিন্তু বড়ই পরিতাপের বিষয় সেই বৈষম্য থেকে আজও আমরা মুক্ত হতে পারিনি। বিশেষ করে বঙ্গবন্ধুর সোনার বাংলায় শিক্ষা প্রতিষ্ঠান সমূহে চরম বৈষম্য রয়েছে। যার উদাহরণ ২০১৫ সালে বর্তমান সরকার চাকরিজীবীদের নতুন বেতন ক্ষেত্রে দিয়েছেন। বৈশাখী ভাতা দেয়া শুরু করেছেন। ঘোষণা দিয়েছেন ভবিষ্যতে আর পে-ক্ষেত্রে দেয়া হবে না। তৎপরিবর্তে ৫ শতাংশ হারে প্রবৃদ্ধি দেবেন। অত্যন্ত বিস্ময়ের বিষয় বৈশাখী অনুষ্ঠান করে শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণ। কিন্তু তাদের জন্য এ ভাতা রাখা হয়নি। ৫ শতাংশ প্রবৃদ্ধি থেকেও শিক্ষক-কর্মচারীরা বন্ধিত। উৎসব ভাতাও দেয়া হয় ২৫ শতাংশ। এসব বৈষম্য দূর করার একমাত্র উপায় শিক্ষাব্যবস্থা জাতীয়করণ। শিক্ষক-কর্মচারীদের এই ন্যায্য দাবি মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান হয়। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন সংগ্রাম কমিটির যুগ্ম আহ্বায়ক মুহাম্মদ আলমগীর, শিক্ষক সমিতির জেলা শাখার সহসভাপতি এ বি এম আবদুল আলীম। উপস্থিত ছিলেন সংগ্রাম কমিটির যুগ্ম আহ্বায়ক মতিন উদ্দিন আহমদ ও আবদুল কাদের, বাকশিস জেলা শাখার যুগ্ম আহ্বায়ক আলাউদ্দিন চৌধুরী, উপদেষ্টা মাখন লাল দাস প্রমুখ।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়।  
সম্পাদক কর্তৃক গ্লোব জনকন্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকন্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি এ  
৭৯৬।

কার্যালয়: জনকন্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩০৫  
ই-মেইল: [janakanthanews@gmail.com](mailto:janakanthanews@gmail.com)  
ই-জনকন্ঠ: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

Copyright © All rights reserved by [dailyjanakantha.com](http://dailyjanakantha.com)